গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২৭-০৩-২০২৩
সভার সময়	বেলা-০২.০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ২২-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত এপিএ পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় যে, ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত উৎপাদিত গ্যাস (আইওসি) ও উৎপাদিত গ্যাস (জাতীয় কোম্পানি) এর উৎপাদন যথাক্রমে ৩৪২.৪৮২ বিসিএফ ও ২০৪.৬২৪ বিসিএফ। এ দুটি সূচকের অগ্রগতি এ পর্যন্ত সন্তোষজনক পর্যায়ে রয়েছে। তেল/গ্যাসের উন্নয়ন/ওয়ার্কওভার কূপ খননের লক্ষ্যমাত্রা ৪টির বিপরীতে ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত ৪টি যথাক্রমে জালালাবাদ-৪, সেমুতাং-৫, বিয়ানীবাজার-১ ও ভোলা নর্থ-২ কূপ খনন সম্পন্ন হয়েছে, যা লক্ষ্যমাত্রার শতভাগ। যে সকল সূচকের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সে সকল সূচকের প্রমাণক প্রস্তুতের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি পুনরায় অদ্যাকার সভায় নির্দেশনা প্রদান করেন। যুগ্মসচিব (প্রশাসন-২) বলেন যে, দপ্তর/সংস্থা/কোম্পানীতে সরেজমিনে এপিএ পর্যবেক্ষণে গিয়ে দেখা গিয়েছে যে, প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ নিয়মিতভাবে পিএসসি/পিআইসি সভায় আলোচনা করা হচ্ছে না। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমের প্রমাণকের ক্ষেত্রে অর্জনের সপক্ষে প্রকল্পের 'প্রকল্প-পরিচালকের' প্রত্যয়নপত্র এবং পিএসসি/পিআইসি সভার কার্যবিবরণীতে সংশ্লিষ্ট সূচকের চূড়ান্ত অর্জন সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং অর্জনের অঙ্গভিত্তিক বিবরণ দাখিল করতে হবে। সভাপতি নির্দেশনা অনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমের প্রমাণক প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন।

২.২। সভায় জানানো হয় যে, ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত কয়লা আহরণের পরিমাণ ৫.৫৫৫০১৯ লক্ষ মে.টন, পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদনের পরিমাণ ২৭৬.৯৪৬ মিলিয়ন লিটার ও আমদানিকৃত এলএনজির পরিমাণ ২২.২২ লক্ষ মেট্রিক টন, যা লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি সন্তোষজনক। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, ৩ডি সিসমিক জরিপের ডাটা অ্যাকুইজিশন কার্যক্রম অনেক আগেই সম্পন্ন হয়েছে। বর্তমানে ইন্টারপ্রিটেশনসহ অন্যান্য কার্যক্রম চলমান আছে, যা আগামী এপ্রিল/২০২৩ এর মধ্যে সম্পন্ন হবে এবং অর্জন সুনির্দিষ্টভাবে উপস্থাপনযোগ্য হবে। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল বলেন যে, মধ্যপাড়া পাথর খনির উৎপাদন অব্যাহত রয়েছে এবং এ পর্যন্ত ২ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন পাথর বিক্রি করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক।। তিনি অবহিত করেন যে, নির্ধারিত সময়ে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল জানান যে, ৭টি ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে কানেকশন ও টেস্টিং কার্যক্রম চলামান রয়েছে। সভাপতি বলেন যে, ৭টি ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপনের কমিশনিং সম্পন্নের পর পিইসি/পিআইসি সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকের প্রত্যয়নসহ প্রমাণক দাখিল করতে হবে।

২.৩। বিপিসির প্রতিনিধি জানান যে, গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসের জন্য লক্ষ্যমাত্রা অনুযায়ী

ইতোমধ্যে ৬টি ট্যাঙ্ক ফার্ম নির্মাণ সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল জানান যে, আলীহাট আয়রন ফিল্ডের প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট ইন্টারিম রিপোর্ট প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় মালামালসমূহ বর্তমানে বেনাপোল পোর্টে এসে অপেক্ষা করছে। মালামালসমূহ পোর্ট হতে খালাস হওয়ার পর শীঘ্রই বোরহোল ড্রিলিং কার্যক্রম শুরু হবে। নির্ধারিত সময়ে এ সূচকটির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত এবং কোন চ্যালেঞ্জ থাকলে তা সময়ে সময়ে অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, এলএনজি ভর্তুকি নীতিমালা আপাততঃ প্রণয়ন করার প্রয়োজন নেই মর্মে অর্থ বিভাগ হতে মতামত পাওয়া গিয়েছে, ফলে সূচকটির অর্জন সম্পন্ন হয়েছে। উপসচিব (উন্নয়ন-১) সভায় জানান যে, জাইকা কর্তৃক Integrated Power and Energy Master Plan (IPEMP) এর খসড়া দাখিল করা হয়েছে। খসড়াটি কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের পর মতামত প্রদান করা হবে। অতঃপর খসড়াটি এ বিভাগের অনুমোদন নিয়ে প্রকাশ করা হবে। আগামী মে/২০২৩ এর প্রথম সপ্তাহের মধ্যে এ সকল কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি আগামী সভায় এ কার্যক্রমের হালনাগাদ অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।

২.৪। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের পাঁচটি কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা করা হয়। যুগ্মসচিব (প্রশাসন-২) বলেন যে, দপ্তর/সংস্থা/কোম্পানীতে সরেজমিনে এপিএ পর্যবেক্ষণে গিয়ে দেখা গিয়েছে যে, সিটিজেন চার্টারে যে বিষয়গুলো উল্লেখ করা হয়েছে তা গাইডলাইন অনুযায়ী অনেকক্ষেত্রে যথাযথ হয়নি। সিটিজেন চার্টার যেহেতু প্রতি তিন মাস অন্তর অন্তর সংশোধন করা যায় তাই এ বিষয়গুলো সংশোধনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ৫টি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে বিশেষ নজর দেয়ার বিষয়ে গুরুত্বারোপ করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	যে সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সে সকল কার্যক্রমের প্রমাণক প্রস্তুতের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/বাপেক্স/ এসজিএফএল
৩.২	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমের প্রমাণকের ক্ষেত্রে অর্জনের সপক্ষে প্রকল্পের 'প্রকল্প-পরিচালকের' প্রত্যয়নপত্র এবং পিএসসি/পিআইসি সভার কার্যবিবরণীতে সংশ্লিষ্ট সূচকের চূড়ান্ত অর্জন সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং অর্জনের অঙ্গভিত্তিক বিবরণ দাখিল করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ/ দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.৩	**আগামী এপ্রিল/২০২৩ এর মধ্যে** ৩ডি সিসমিক জরিপের সকল কার্যক্রম সম্পন্ন করে সূচকটির অর্জন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।	পেট্রোবাংলা/ এসজিএফএল
৩.৪	বিপণনকৃত কঠিন শিলার সর্বশেষ অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ এমজিএমসিএল
৩.৫	৭টি ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপনের কমিশনিং সম্পন্নের পর পিইসি/পিআইসি সভার কার্যবিবরণীসহ অগ্রগতি এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ বিজিএফসিএল
৩.৬	Integrated Power and Energy Master Plan (IPEMP) এর খসড়া প্রণয়নের হালনাগাদ অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	উন্নয়ন অনুবিভাগ/ এপিএ টিম
৩.৭	সিটিজেন চার্টার প্রতি তিন মাস অন্তর অন্তর যথাযথভাবে সংশোধন করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.৮	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ৫টি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে বিশেষ নজর দিতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.১৬৪

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯
১১ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৭) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট

১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব